

## অর্থমন্ত্রীর সঙ্গে নেতাদের বৈঠক বিশ্ববিদ্যালয় শিক্ষকরা চান স্বতন্ত্র পে-স্কেল

যুগান্তর রিপোর্ট

স্বতন্ত্র পে-স্কেল দাবি করেছেন বিশ্ববিদ্যালয় শিক্ষকরা। বৃহস্পতিবার সচিবালয়ে অর্থমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের নেতারা এ দাবি করেন। এ সময় শিক্ষক নেতারা বাজেটে শিক্ষা খাতে বরাদ্দ বাড়ানো এবং বিশ্ববিদ্যালয় শিক্ষকদের উচ্চতর শিক্ষার জন্য বিদেশগমন বৃদ্ধির ব্যবস্থা করারও দাবি জানান। শিক্ষকদের দাবির পরিপ্রেক্ষিতে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেন, পহেলা জুলাই থেকে নতুন পে-স্কেল কার্যকর হবে। স্বতন্ত্র পে-স্কেলের ব্যাপারে আমি এখন কোনো মতব্য করব না। বিষয়গুলো নিয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে আলোচনা করে সিদ্ধান্ত নেয়া হবে। অর্থ মন্ত্রণালয়ের সভা কক্ষে অনুষ্ঠিত বৈঠকে শিক্ষক নেতারা বলেন, প্রস্তাবিত বেতন কাঠামো নিয়ে বিশ্ববিদ্যালয় শিক্ষকদের মধ্যে কোভ ও হতাশা রয়েছে। দাবিগুলোর সঙ্গে শিক্ষকদের মর্যাদার বিষয়টি জড়িত। অর্থমন্ত্রী বলেন, শিক্ষকদের জন্য স্বতন্ত্র বেতন স্কেল গঠনের বিষয়টি ২০০৮ সালে নির্বাচনী অঙ্গীকার ছিল। কিন্তু এটা করা সম্ভব হয়নি। গত নির্বাচনে এ বিষয়ে কিছু বলা হয়নি। অর্থমন্ত্রীর সঙ্গে মতবিনিময় সভায় বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের সভাপতি অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ ও সাধারণ সম্পাদক অধ্যাপক এএসএম মাকসুদ কামালসহ সংগঠনের অন্য নেতারা উপস্থিত ছিলেন। বৈঠক শেষে অর্থমন্ত্রী সাংবাদিকদের বলেন, পে-স্কেল সংক্রান্ত পে-কমিশনের সুপারিশ ও সচিব কমিটির প্রতিবেদন দুটিই এখন অর্থ মন্ত্রণালয়ে বিবেচনাধীন। আগামী মাসেই এটা চূড়ান্ত হবে। তবে এখনই এটা চূড়ান্ত করা হোক না কেন ১ জুলাই থেকে কার্যকর হবে। সরকারি কর্মকর্তা-কর্মচারীদের পে-স্কেল সংক্রান্ত জটিলতা এড়াতে 'স্থায়ী পে-কমিশন' গঠনের ওপর গুরুত্বারোপ করে মুহিত বলেন, আমি চাই ৫ বছর পর পর পে-স্কেল যোগা-এবাই শেষ হোক। একটা স্থায়ী পে-কমিশন গঠনের চিন্তাভাবনা চলছে। এতে স্থায়ীভাবেই সরকারি কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা আপডেট হবে।